মোট বিক্রি করে ৩৪ লক্ষ সিস্টেম, সেই এসার ১৯৯৫ তে মোট ৪২০ লক্ষ সিস্টেম, বাজারজাত করেছে সাবেক সোভিয়েত দেশগুলোয়। মোট কথা, তথ্য প্রযুক্তির মহারাজ্যে এসার আজ এক মহীরূহে রূপান্তরিত। আর এই রূপান্তরের ধারাকে অব্যাহত রাখতেই স্ট্যান শিহ নিতান্ত পিসি ইত্যাদি উৎপাদনে সীমাবদ্ধ না থেকে ঝুঁকছেন অন্যান্য নানাবিধ সামগ্রী উৎপাদনে, কৌশল রচনা করছেন, স্বপ্ন দেখছেন এসারকে ২০০০ সাল নাগাদ ১৫ বিলিয়ন ডলারের দানবীয় কোম্পানিতে রূপান্তরের।


এম. এ. ওয়াহাব

### নতুন পথের বাঁকে ঃ

একবিংশ শতাব্দীর দ্বারপ্রান্তে এসে স্টান শিহ কৌশল রচনা করেছেন একটি দর্শনকে ঘিরে। সে দর্শন হচ্ছে, তাঁর মতে- পৃথিবীর যে যেখানে আছে তার কাছেই ডিজিটাল পণ্য-আরো স্পষ্ট করে বললে- 'বুদ্ধিমান পণ্য' পৌঁছে দেবার দর্শন। ওই 'বুদ্ধিমান পণ্য' গুলোকে কম দামে অথচ অত্যাধুনিক প্রাযুক্তিক সংগঠনে তৈরি করতে ও ছড়িয়ে দিতে চায় এসার। গত বছর আমেরিকার মাটিতে অবয়বে মৌলিকত্ব নিয়ে টেলিভিশন গোছের এসপায়ার সিরিজের 'হোম পিসি'গুলো ভীষণ সমাদর পায়, যা দেখে স্টান শিহর মনে নতুন পথে পা ফেলবার সাহস জেগে ওঠে। হোম ইলেক্ট্রনিক্স-এর শরীরে পিসির আত্মা ঢুকিয়ে দিয়ে ভবিষ্যত গেরস্থালীর জীবনের আদলটাই পাল্টে দিয়ে দুপয়সা কামিয়ে নেবার কৌশল। এসার এতোদিন কেবল পিসি আর পেরিফেরালস উৎপাদনে ব্যস্ত ছিলো। কিন্তু পিসির এই বাজার স্টান শিহর কাছে সীমাবদ্ধ বলে মনে হয়। আর এখনই তিনি পরিবর্তিত বিশ্বচাহিদার সাথে সংগতি রেখে ভবিষ্যতের 'ডিজিটাল বসত বাটি'র বাসিন্দাদের হাতে 'বুদ্ধিমান ইলেক্ট্রনিক্স' তুলে দিয়ে সীমাবদ্ধতার খোলস ভেঙ্গে বর্ধিষ্ণু ওই বিশ্ববাজারটিকে দখলের স্বপ্ন-কৌশল রচনায় মনোনিবেশ করেন। কারন তিনি ভালো করেই জানেন যে, এসারের রয়েছে বিশাল ক্ষমতাধর পিসির যন্ত্রাংশ তৈরির কারখানা-দক্ষতা। এখন যদি হোম ইলেক্ট্রনিক্স-এর ভেতরটায় ওই পিসির বুদ্ধিক্ষমতার সমন্বয় করা যায় তা'হলে মনি-কাঞ্চন সংযোগে রীতিমতো বিপ্লব ঘটে যেতে পারে। অবশ্য সে ক্ষেত্রে প্রাযুক্তিক ও ব্যবসায়িক যুদ্ধে দুটি বৃহৎ শ্রেণীর কোম্পানিকে একযোগে মোকাবেলা করতে হবে। একদিকে পিসি রাজ্যের আইবিএম, কম্প্যাক, এনইসি'রা অন্যদিকে গেরস্থালী পণ্য উৎপাদনে অত্যন্ত সিদ্ধহস্ত ও জনপ্রিয় সনি, ফুজিৎসু, সামসুংরা। কেননা, এরা সবাই এখন ডিজিটালবসত বাটির জন্য ইন্টারনেট সার্ফার থেকে শুরু করে সব ধরনের ইলেক্ট্রনিক্স পণ্য বাজারজাতের পাঁয়তাড়া করছে। দুইদিকের স্রোতকে মোকাবেলা করতে স্টান শিহ অবশ্য পুরনো 'কমমূল্যে আধুনিক প্রযুক্তি বিলানোর' কায়দাকেই কাজে লাগিয়ে সব্যসাচী হয়ে উঠতে চান। তিনি ইতোমধ্যেই ওয়ার্ম আপ প্রাকটিস শুরু করেছেন সফলও হয়েছেন। এবছরের গোড়ার দিকে এসার তাইওয়ানের বাজারে এমন একটি সিডি প্লেয়ার ছাড়ে যেটি প্রযুক্তিগত দিক থেকে প্রতিদ্বন্দ্বী অন্য সবগুলো সিস্টেম থেকেই উন্নত অথচ দামেও যেমন কম তেমন সফটওয়ার সুবিধাও ছিল অনেক অনেক বেশি। ব্যস প্রথম মাসেই যে পরিমাণ সিডি প্লেয়ার বিক্রি হয়, সংখ্যায় তা ছিলো অত্যন্ত জনপ্রিয় সনি, জেভিসি আর ফিলিপস-এর মোট বিক্রিত সংখ্যার থেকেও বেশি। তাইওয়ানের জনগণকে প্রথম শ্রেণীর ভোক্তা হিসেবে আখ্যায়িত করে শিহ চমৎকার মন্তব্য করেন "সবে শুরু"। বাজারে প্রচলিত হাজার হাজার সফটওয়্যারকে ব্যবহারের পথ আমাদের পন্যে থাকবে, যা অন্য কারুর নেই। এটাই চাবিকাঠি।

### এই মুহূর্তে এসার কী করছে ঃ

ওয়ার্ম আপ প্র্যাকটিসের দ্বিতীয় পর্যায়ে এসার ঘোষণা দিয়েছে বেশ কটি পণ্যের। বিপুল গতিতে বর্ধিষ্ণু ইন্টারনেট বাজার ধরার ৫০০ ডলারের ইন্টারনেট সার্ফার 'বেসিক' এর। আপনার ঘরের টেলিভিশনটিকেই মনিটর হিসেবে ব্যবহার করতে পারবেন এই 'বাক্স' বেসিক কিনলে। অথচ কর্মে-আসলে এটি একটি পিসি। ২০০ ডলার দিয়ে ইচ্ছে করলে একটি মনিটর কিনতেও পারেন। সনি কোম্পানির জনপ্রিয় গেম মেশিন প্লে-স্টেশনকে টেক্কা দিয়ে বাচ্চাদের জন্য মাত্র ২০০ ডলারে যাবতীয় সফটওয়্যার চালানোর সুবিধাসম্বলিত একাধারে কমপিউটার, গেম মেশিন, শিক্ষামূলক অডিও ভিডিও সিডি প্লেয়ার 'ইডেন' ছেড়েছে এসার। গবেষণাগারে ও পাইপলাইনে আছে ওয়াইডস্ক্রীন টেলিভিশন থেকে শুরু করে, ডিজিটাল ভিডিও ডেস্ক প্লেয়ারসহ ভিডিও টেলিফোন অবধি একগাদা সামগ্রী। নানান ধরণের বুদ্ধিমান ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন সামগ্রী উদ্ভাবনের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার খাটানো হচ্ছে বিপুল কর্মযজ্ঞের উৎসব মুখরতায়। এসারের গবেষণাগারে এখন সাজ সাজরব।


আহমেদ হাসান

আমাদের একটি সাধারণ ধারণা, এ শতাব্দীর শেষ নাগাদ সভ্যতার গোটা আদল পাল্টে দেয়ার মূল হোতা যে কমপিউটার বা তথ্য প্রযুক্তি তার জন্ম, উন্নয়ন ও বিকাশ কর্ম সংঘটিত হয়েছে হয়তোবা কেবল এবং কেবলই জাপান আর পশ্চিমা কতক দেশ ইত্যাদির হাতেই। আরো ধারনা, এসব জ্ঞান-কৌশল-মেধা-বুদ্ধি হরদমই জন্ম নেয় ওসব দেশেই। নিজেদের দেশ কিংবা আমাদের পার্শ্ববর্তী দেশ কিংবা তৃতীয় বিশ্বের কোনো দেশও যে এই মহা বিশ্বকর্মে বিস্ময়সৃষ্টিকারী অবদান রাখতে পারে তার সম্ভাবনা ও প্রয়াসের দিকে চোখ তুলে তাকাবার কথা আমাদের মনেও আসেনা।

প্রযুক্তি কল্পনা-নীতি কাঠামোহীন দেউলিয়াত্ব আর দুর্দশাগ্রস্থ দেশের চেহারা বদলানোর তাগিদ অনুভব করিনা। আমাদের ভাবনাকে কেবলই ঘোরানো হয় আমরা 'ভিক্ষুক', আমরা বড্ডো গরীব, কীইবা আছে, আমরা ওসব পারবো না-গোছের আত্ম অবমাননাকর কতক সৃষ্টিহীন চিন্তার ঘূর্ণাবর্তে। তাইতো বহুস্বপ্নের আর রক্তের ভারে ভারাক্রান্ত জাতীয় সংসদের বাজেটে কর্ম-পরিকল্পনায় প্রযুক্তি-অর্থনীতিতে সাজানোর কোনো রূপরেখা খুঁজে পাই না। বলছিলাম এসার এর কথা এসে গেলো তাইওয়ান তথা তৃতীয় বিশ্ব এবং আমাদের কথা। আমাদের শেখার আছে অনেক কিছু। তাইওয়ান এবং এসার বিস্ময় এবং উদাহরণ বটে।

### বাংলাদেশে এসার ঃ

বাংলাদেশে এসারের অবস্থান সম্পর্কে এদেশে এসারের ডিস্ট্রিবিউটার ডলফিন কমপিউটার্স-এর নির্বাহী পরিচালক জনাব আহমেদ হাসান জানান, ৩ বছর আগে পিসি বিক্রিতে এখানে এসার ছিল ৪/৫ নম্বর অবস্থানে। বর্তমানে এসার পিসিসহ এসার পণ্য সামগ্রীর বিক্রির অবস্থান অন্যতম শীর্ষে। তারা ঢাকা ছাড়াও চট্টগ্রামে একটি শাখা অফিস খুলেছেন বলে তিনি জানান। এটি সম্পূর্ণ স্বাধীনভাবে পরিচালিত হয়। সিলেটেও একটা শাখা খুব শীঘ্রই চালু হতে যাচ্ছে। ক্রেতাদের উন্নত সার্ভিস প্রদানের জন্য বর্তমানে তারা হার্ডওয়্যার ডিপার্টমেন্ট থেকে নেটওয়ার্ক ডিপার্টমেন্ট আলাদা করে ফেলেছেন। এসারের যে কোন পিসি যে সময়েই বিক্রি হয়ে থাক না কেন এদের সকল প্রকার যন্ত্রাংশ সবসময় এখানে স্টকে থাকে। যা দিয়ে ক্রেতাদের প্রয়োজনীয় সার্ভিসসমূহ তাৎক্ষণিকভাবেই দেয়া সম্ভব।

ডলফিনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ এ ওয়াহাব জানান '৯৭ সালে তাদের রেঞ্জ/সার্ভার মার্কেটে বেশ বড় আকারে প্রবেশের পরিকল্পনা রয়েছে। তিনি আশাবাদ ব্যক্ত করেন এই অংশে তাদের অবস্থান থাকবে সবার শীর্ষে। মূল কোম্পানি তাদের প্রায় সব ধরনের সহায়তা প্রদান করে থাকে, অন্যান্য অনেক বড় বড় কোম্পানিও তাদের পরিবেশকদের এ ধরনের সহায়তা দেয় না। বর্তমানে তাদের হার্ডওয়্যার ম্যানেজার এবং নেটওয়ার্ক ম্যানেজার সিঙ্গাপুরে এসারের পরিচালনাধীন প্রশিক্ষণে রয়েছেন। তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন যে আগামীতে বাংলাদেশে এসার নেটওয়ার্কিং, সার্ভার ডেস্কটপ, নোটবুক এবং অন্যান্য পণ্যে শীর্ষ অবস্থানে থাকবে। *


your ultimate solutions

massive COMPUTERS

massive PROFESSIONAL PC COMPUTERS ®

UNDERCUT PRICE IS AVAILABLE FOR
486 DX2-66(intel), 486DX4-100MHz(intel)
Pentium 100 MHz & 120MHz (intel)
SYSTEM & ACCESSORIES

Phone : 862856, 864058

95/1 New Elephant Road, Zinnat Mansion, 1st floor, Dhaka 1205